যুগান্তর
প্রিন্ট: ৩১ মার্চ ২০২৬, ১১:৫৯ এএম

জাতীয়

# প্রাথমিক বিদ্যালয়ের কমিটিতে রাখতে হবে মাদ্রাসা শিক্ষক, নীতিমালা জারি

Advertisement

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ৩০ মার্চ ২০২৬, ০৩:৫৫ পিএম



সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কার্যক্রম স্বাভাবিক রাখা ও সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে নতুন নীতিমালা জারি করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। রোববার (২৯ মার্চ) মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত প্রজ্ঞাপনে 'সরকারি প্রাথমিক বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি গঠন নীতিমালা ২০২৬' ঘোষণা করা হয়।

নতুন নীতিমালা অনুযায়ী, ১২ সদস্যবিশিষ্ট ব্যবস্থাপনা কমিটিতে মাদ্রাসা বা কওমি মাদ্রাসার একজন শিক্ষককে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা বাধ্যতামূলক করা হয়েছে। একইসঙ্গে বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের মধ্য থেকেও একজন প্রতিনিধি রাখার নির্দেশনা দেওয়া হয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়, পূর্বে জারি করা এ সংক্রান্ত সব নির্দেশনা বাতিল করে নতুন এই নীতিমালা কার্যকর করা হলো।

**কমিটির কাঠামো**

নীতিমালা অনুযায়ী, 'সরকারি প্রাথমিক বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি' নামে এই কমিটি গঠন করা হবে। এতে থাকবেন—

সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত/ চলতি দায়িত্ব) - সদস্য সচিব

সংশ্লিষ্ট বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের মধ্য হতে মনোনীত একজন বিদ্যোৎসাহী মহিলা অভিভাবক (ন্যূনতম এসএসসি পাশ) - সদস্য

সংশ্লিষ্ট বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের মধ্য হতে মনোনীতএকজন বিদ্যোৎসাহী পুরুষ অভিভাবক (ন্যূনতম এসএসসি পাশ) - সদস্য

বিদ্যালয়ের একজন জমিদাতা/জমিদাতার উত্তরাধিকারী (যদি থাকেন) - সদস্য

সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের নিকটবর্তী যেকোনো সরকারি/ বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়/ এমপিওভুক্ত মাদ্রাসা/কওমি মাদ্রাসার একজন শিক্ষক -সদস্য

সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের মধ্য হতে নির্বাচিত একজন শিক্ষক প্রতিনিধি- সদস্য

সংশ্লিষ্ট বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের মধ্য হতে নির্বাচিত দু'জন মহিলা অভিভাবক - সদস্য

সংশ্লিষ্ট বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের মধ্য হতে নির্বাচিত দু'জন পুরুষ অভিভাবক - সদস্য

ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্য/পৌর এলাকার সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার/সিটি কর্পোরেশনের কাউন্সিলর - সদস্য

সংশ্লিষ্ট বিদ্যালয় ক্যাচমেন্ট এলাকার ১ জন অবসরপ্রাপ্ত সরকারি প্রাথমিক/ সরকারি মাধ্যমিক/ /এমপিওভুক্ত মাধ্যমিক বিদ্যালয়/ মাদ্রাসা/ কওমি মাদ্রাসার শিক্ষক/ সরকারি কর্মকর্তা/ কর্মচারী - সদস্য।

সব মিলিয়ে সভাপতিসহ কমিটির সদস্য সংখ্যা হবে ১২ জন।

**সভাপতি নির্বাচনের শর্ত**

কমিটির সদস্যদের মধ্য থেকে সভাপতি ও সহ-সভাপতি নির্বাচিত হবেন। তবে প্রধান শিক্ষক, শিক্ষক প্রতিনিধি এবং মাধ্যমিক বা মাদ্রাসা থেকে মনোনীত শিক্ষক প্রতিনিধি সভাপতি বা সহ-সভাপতি হতে পারবেন না।

সভাপতি হতে হলে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে। তবে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুপারিশে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় মনোনয়ন দিতে পারবে।

পদাধিকারবলে বিদ্যালয়ের প্রধান শিক্ষক বা ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন বলে নীতিমালায় উল্লেখ করা হয়েছে।

Page 1 / 7